NOV. 17 2000

293

তারিখ ............
পৃষ্ঠা ১ কলাম ৬

ভোরের কাগজ

# কাল থেকে শুরু ডিগ্রি পরীক্ষা

## পরিস্থিতির অবনতি ঘটলেই কেন্দ্র বাতিল ও জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা : সংবাদ সম্মেলনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি

**কাগজ প্রতিবেদক :** ডিগ্রি পরীক্ষা চলাকালে কোনো কেন্দ্রে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে ঐ কেন্দ্র বাতিল করা হবে এবং বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আগামীকাল শনিবার থেকে শুরু হওয়া ডিগ্রি পরীক্ষাকে সামনে রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নগর অফিসে গতকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে উপাচার্য দুর্গাদাস ভট্টাচার্য এ কথা জানিয়েছেন।

দুর্গাদাস ভট্টাচার্য আরো জানিয়েছেন, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষকদের সমন্বয়ে ইতিমধ্যে ৪০০টি কেন্দ্রভিত্তিক ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। পাশাপাশি ৬৪টি উচ্চ পর্যায়ের মোবাইল টিমও গঠন করা হয়েছে। এর বাইরে স্থানীয় পর্যায়ে ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে তদারকি টিম গঠনের জন্যও জেলা প্রশাসকদের অনুরোধ জানানো হয়েছে।

প্রসঙ্গত, এবারের ডিগ্রি পাস ও সাবসিডিয়ারি পরীক্ষায় সারা দেশে মোট ৬০২টি পরীক্ষা কেন্দ্রে ৩ লাখ ২১ হাজার ২৭২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

সংবাদ সম্মেলনে ভিসি ছাড়াও প্রো-ভিসিকে মউদুদ এলাহী এবং পরীক্ষা নিয়ন্ত্রক বিনয় রতন বড়ুয়া বক্তব্য রাখেন। সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে জানানো হয় এবারের পরীক্ষায় প্রথমবারের মতো সকল বিভাগীয় শহরে পরীক্ষার্থী বিনিময়ের মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৮

## ডিগ্রি পরীক্ষা

● প্রথম পাতার পর

ভৌত অবকাঠামোগত অসুবিধার কারণে জেলা ও থানা পর্যায়ে শুধুমাত্র শিক্ষক বিনিময় নীতির অধীনে এক কলেজের শিক্ষক নিকটবর্তী অন্য কলেজে 'ইনভিজিলেটর'-এর দায়িত্ব পালন করবেন।

নকল প্রতিরোধে কর্তৃপক্ষীয় কোনো ব্যবস্থাই যথেষ্ট নয় এমন মন্তব্য করে সংবাদ সম্মেলনে দুর্গাদাস ভট্টাচার্য এজন্য স্থানীয় প্রশাসনসহ সকল মহলের সহযোগিতা চেয়েছেন। তিনি বলেছেন, সকলের সহযোগিতা নকলের মাত্রা কমিয়ে আনতে সাহায্য করবে।